**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 02-10-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**বিজয়া দশমী**:

আজ বিজয়া দশমী ।অশুভ শক্তির উপর আলোর বিজয়ের দিন | এই দিনটি মন্দের প্রতীক রাবনের বিরুদ্ধে ভগবান রামের জয় এবং মহিষাসুর কে দেবী দুর্গার বধের স্মরণে পালন করা হয় | এই দিনে একে অপরকে শুভেচ্ছা জানানোর রীতি রয়েছে | এদিকে বিজয়া দশমীর এই দিনে সকাল থেকেই বিভিন্ন বাজার গুলিতে ভীর লক্ষ্য করা গেছে |

****************

**গান্ধী জয়ন্তী** :

আজ জাতীর জনক মহাত্মা গান্ধীর জন্ম জয়ন্তী | এই উপলক্ষ্যে রাজ্যেও নানা অনুষ্ঠানে দিনটি পালিত হয় | সরকারী ভাবে মূল অনুষ্ঠান হবে রাজধানীর সার্কিট হাউসে এবং গান্ধীঘাটে |

**************

**Central Cabinet- DA/DR:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে গতকাল কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের জন্য আরো এক কিস্তি মহার্ঘ ভাতা প্রদানের অনুমোদন দেয়া হয়েছে। এর ফলে, কেন্দ্রীয় কর্মচারীরা মূল বেতনের ওপর অতিরিক্ত ৩ শতাংশ ডিএ এবং পেনশনাররা ৩ শতাংশ ডি আর পাবেন। এই বৃদ্ধি এ বছরের পয়লা জুলাই থেকে কার্যকর করা হয়েছে।

এই অনুমোদনের ফলে সরকারি কোষাগার থেকে বার্ষিক ১০ হাজার ৮৩ কোটি ৯৬ লক্ষ টাকা ব্যয় হবে। উপকৃত হবেন ৪৯ লক্ষ ১৯ হাজার কেন্দ্রীয় কর্মচারী এবং ৬৮ লক্ষ ৭২ হাজার পেনশনভোগী।

সপ্তম কেন্দ্রীয় বেতন কমিশনের সুপারিশের ভিত্তিতে গৃহীত ফর্মুলা অনুযায়ী ডিএ 'র এই হার বৃদ্ধি করা হয়েছে।

*****************

**Power:**

শারদ উৎসবের নবমীতেও নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করে যাচ্ছে বিদ্যুৎ নিগম। গতকাল নবমীর সন্ধ্যায় বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ছিল ২৯৫ দশমিক ১ মেগাওয়াট। বৃষ্টির কারণে গত চার দিনের তুলনায় এদিন বিদ্যুতের চাহিদা সবচেয়ে কম ছিল। বিদ্যুৎ নিগম এই খবর জানিয়েছে|

***************

**Puppet Dance:**

পাশ্চাত্য সংস্কৃতি এবং আধুনিকতার ছোঁয়ায় ভারতের ঐতিহ্যবাহী পুতুল নাচ আজ হারানোর পথে। লুপ্তপ্রায় এই সংস্কৃতিকে পুনরুজ্জীবিত করে মানুষকে বিনোদন প্রদানের ব্যতিক্রমী পথে যাত্রা শুরু করলো বামুটিয়া ব্লকের অন্তর্গত চিরস্থায়ী সিএলএফ বা CIRASHTAYI Cluster Level Federation।অষ্টমীর সন্ধ্যায় বামুটিয়ার বেড়ীমুড়া ব্রেইভ ক্লাবে ১২ জন মহিলা পুতুল নৃত্য শিল্পীর পুতুল নাচ মুগ্ধ করে দর্শকদের। রাজস্থান থেকে একদল পুতুল নৃত্য প্রশিক্ষককে বামুটিয়া এনে চিরস্থায়ী সিএলএফ সদস্যাদের প্রশিক্ষণ দেওয়া হয়। সরকারি সহযোগিতায় মহিলারা এই শিল্পের প্রশিক্ষণ নিয়ে তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেন।

***************

## Civic action of TSR :

দুর্গা পূজার নবমীতে সমাজ সেবায় এগিয়ে এলেন টিএসআরের তৃতীয় ও দ্বাদশ ব্যাটেলিয়ান। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, কচুছড়া ও চাকমাঘাটে দুই জায়গায় টিএসআরের উদ্যোগে ছাত্রছাত্রীদের বই খাতা দেওয়া হয়। এছাড়া উপজাতি অংশের ছাত্রদের খেলার সরঞ্জাম দেওয়া হয়েছে। এই কর্মসূচিগুলিতে উপস্থিত ছিলেন টিএসআরের আইজি কেরি মারাক ছাড়াও টিপিএস অশোক সিনহা প্রমুখ।

**************************

## Educational goods Distribution :

শারদোৎসব উপলক্ষে দক্ষিন জেলার লাউগাং- র মনোরমা শিশুনিকেতনের আবাসিক ছেলেমেয়েদের খাতা কলম সহ শিক্ষন ও অংকন সামগ্রী এবং খাদ্য সামগ্রী উপহার দেন জেলার শ্রীনগরের বাসিন্দা প্রকৌশলী- কবি অমিতাভ ঘোষ। গতকাল  সাহিত্যিক - সংগঠক সাঁচিরাম মানিক, কবি পলাশ শর্মা ও স্নেহা বনিকদের সঙ্গে নিয়ে শিশুগৃহে  গিয়ে সামগ্রীগুলি তুলে দেন তিনি।

********************

## Rajnath Singh:

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, সরকারের জিএসটি হার সরলীকরণ প্রতিরক্ষা খাতে ক্রয় প্রক্রিয়ার ওপর সরাসরি প্রভাব ফেলবে।তিনি বলেন, এটি একটি অগ্রগামী পদক্ষেপ, কারণ জিএসটি হার হ্রাসের ফলে আরও বেশি ক্রয় সম্ভব হবে। প্রতিরক্ষা মন্ত্রী গতকাল  নয়া দিল্লিতে "প্রতিরক্ষা হিসাব বিভাগ দিবস ২০২৫"-এ ভাষণ দিচ্ছিলেন।তিনি জোর দিয়ে বলেন, দেশে একটি উদ্ভাবনী পরিবেশ তৈরি করা প্রয়োজন, যাতে প্রতিরক্ষা খাতে গবেষণা ও উন্নয়নভিত্তিক প্রযুক্তিকে উৎসাহিত করা যায়।

***********************

## New NCC-DG:

লেফটেন্যান্ট জেনারেল বিরেন্দ্র ভাটস গতকাল  ন্যাশনাল ক্যাডেট কর্পস বা এনসিসি-র মহাপরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে যে, লেফটেন্যান্ট জেনারেল ভাটস ডিসেম্বর ১৯৮৮ সালে ভারতীয় সেনাবাহিনীর ১৯ কুমায়ুন রেজিমেন্টে কমিশনপ্রাপ্ত হন এবং পরে ওয়েলিংটনের ডিফেন্স সার্ভিসেস স্টাফ কলেজে কমান্ড্যান্ট হিসেবে দায়িত্ব পালন করেন।

*******************

## Weather :

আবহাওয়া দপ্তর থেকে আজ  রাজ্যের পশ্চিম জেলা, সিপাহীজলা, খোয়াই গোমতী ও দক্ষিণ জেলার বিভিন্ন অঞ্চলে  বজ্র বিদ্যুত সহ ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে।আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০  ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৬ ডিগ্রি সেলসিয়াস। ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ৫ মিলিমিটার |

***************

***********